# জুলাই জাতীয় সনদ বাতিল চেয়ে হাইকোর্টে রিট



হাইকোর্ট। ছবি: সংগৃহীত

জুলাই জাতীয় সনদের বৈধতা ও কার্যকারিতা নিয়ে প্রশ্ন তুলে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। বুধবার (১৮ ফেব্রুয়ারি) সকাল ১১টার দিকে সংশ্লিষ্ট শাখায় জনস্বার্থে আবেদনটি করেন আইনজীবী ইউনুছ আলী আকন্দ।

আবেদনে জুলাই জাতীয় সনদকে অসাংবিধানিক ও অবৈধ ঘোষণা করার নির্দেশনা চাওয়া হয়েছে। পাশাপাশি সনদের কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখারও আবেদন জানানো হয়েছে। এতে মন্ত্রিপরিষদ সচিব, আইন সচিব, জাতীয় ঐক্যমত কমিশন, প্রধান নির্বাচন কমিশনারসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের বিবাদী করা হয়েছে।

রিটকারীর পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী সপ্তাহে বিচারপতি রাজিক আল জলিল–এর নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে বিষয়টি শুনানির জন্য উঠতে পারে।

এর আগে গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত গণভোটের বৈধতা নিয়ে প্রশ্ন তুলে এবং ১৩ ফেব্রুয়ারি ঘোষিত ফল বাতিলের দাবিতে পৃথক আরেকটি রিট দায়ের করা হয়। সুপ্রিম কোর্টের আইনজীবী এ বি এম আতাউল মজিদ তৌহিদ জনস্বার্থে এ আবেদন করেন। সেই রিটে প্রধান নির্বাচন কমিশনার, মন্ত্রিপরিষদ সচিব ও আইন সচিবকে বিবাদী করা হয়েছে।

জানা গেছে, বিচারপতি ফাতেমা নজীব–এর নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চে আগামী সপ্তাহে ওই রিটেরও শুনানি হতে পারে।

LENS ASIA